ঝিনাইদহে ফসলি জমির মাটি কেঁটে বিক্রয়ের অপরাধে জরিমানা

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ফসলি জমির মাটি কেঁটে অবৈধভাবে বিক্রি করার অপরাধে বসির উদ্দীন নামে এক মাটি ব্যবসায়ীকে ১ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) দুপুরের দিকে উপজেলার সাতব্রীজ বাজার এলাকার মাঠে অভিযান পরিচালনা করে এ জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত।

হরিণাকুন্ডু উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিরুপমা রায় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এ সময় ভ্রাম্যমাণ আদালত ফসলি জমি থেকে অবৈধভাবে মাটি উত্তোলন করে বিক্রি করার সত্যতা পান। সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা ২০১০ সংশোধিত আইন ২০২৩ এর ১৫(১) ধারায় মাটি বিক্রেতা বসির উদ্দিনকে ১লাখ টাকা জরিমানা করা হয়েছে।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিরুপমা রায় বলেন, অবৈধভাবে ফসলি জমি থেকে মাটি কাঁটা, উত্তোলন ও বিক্রির অপরাধে ১ লাখ টাকা অর্থদন্ড করা হয়েছে। কৃষি জমি রক্ষায় ভ্রাম্যমাণ আদালতের এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে জোরপূর্বক জমি দখলের অভিযোগ স্কুল শিক্ষকের বিরুদ্ধে

নামপত্তনসহ বৈধ কাগজপত্র থাকার পরও ফুফুর জমি জবরদখল করে চাষাবাদ করার অভিযোগ উঠেছে স্কুল শিক্ষক জুয়েল রানার বিরুদ্ধে। ফুপাতো

সরকারী বিভিন্ন দপ্তরে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ দিয়ে হয়রানী করা হচ্ছে, কারণ আমি সরকারী চাকরী করি। তিনি বলেন অভিযোগকারীরা মাজু ও মাধবপুর মৌজার ৫১ দাগে ৫৫ শতক জমির নামপত্তন করেছেন। সেই জমি তারা বিক্রি করতে চাইলে বেশি দাম চাচ্ছে। তিনি বলেন, আলমডাঙ্গা উপজেলা প্রথমিক শিক্ষা অফিসার শামছুজ্জোহা স্যার আমার চাকরীর অভিভাবক। তিনি যে বিচার করবেন তাই আমি মাথা পেতে নেব।

এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা প্রথমিক শিক্ষা অফিসার শামছুজ্জোহা জানান, বিষয়টি আমার নলেজে আছে। আমি ওই অসহায় নারীদের জমির নামপত্তনে সহায়তাও করেছি। দেখি কি ভাবে বিষয়টি সমাধান করা যায়।

ঝিনাইদহে উইকেয়ার প্রকল্পের রাস্তায় আবাদি জমির মাটি কেঁটে নেওয়ার অভিযোগ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে উই কেয়ার প্রকল্পের আওতায় ২৯ কিলোমিটার গ্রামীণ সড়ক নির্মাণ ও একটি মডেল বাজার নির্মাণের কাজ করছে যশোরের মাইনুদ্দিন বাশি লিমিটেড নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান।

সম্প্রতি সড়ক ও জনপথ বিভাগের ১৭ হাজার কোটি টাকার প্রকল্পে প্রতারণায় অভিযুক্ত এই ঠিকাদারি প্রতিষ্ঠানটি এবার ঝিনাইদহের কৃষকদের সর্বনাশ করতে মাঠে নেমেছেন। প্রকল্পের ৯২ কোটি টাকার বরাদ্দে প্রতিষ্ঠানের পক্ষে হরিণাকুণ্ডুতে এই কাজ করছে ঝিনাইদহের রেজাউল নামের এক সাব ঠিকাদার। তিনি কাজের শুরুতেই সর্বনাশ করেছেন শত শত কৃষকের।

কৃষকদের বোঝানো হয়েছে সরকারের নির্দেশে তারা আবাদি জমি থেকে মাটি কেঁটে নিচ্ছে। এতে করে ক্ষতিগ্রস্ত কৃষকদের সরকারের প্রতি ক্ষোভ তৈরি হয়েছে। অন্যদিকে সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবাদি জমি রক্ষায় সকল ধরণের কাজ করছেন। কৃষকদের কথা চিন্তা করে প্রতি বছর হাজার হাজার কোটি টাকা বরাদ্দ দিচ্ছেন। কৃষিতে আগ্রহী

বেশি জমিতে খাল খনন করে রাস্তায় মাটি দিয়েছে। মাটি কাটার খবর পেয়ে এসে জিজ্ঞাসা করলে ভেকু ড্রাইভার বলে সরকারি রাস্তার মাটি লাগবে দিতেই হবে। ইশারত মণ্ডলের ছেলে হারুন অর রশিদ বলেন, আমার প্রায় ৭ কাঠা জমিতে মাটি কেটে বড় গর্ত করে ফেলেছিল। পরে আমি আবার ভেকু ভাড়া করে নিয়ে এসে আমার পার্শ্ববর্তী জমি থেকে মাটি কেটে সমান করে ধানের চারা রোপন করেছি। আমাদের কোন ক্ষতিপূরণ দেওয়া হয়ণি।

মাঠে উপস্থিত কৃষকরা জানালেন, এই মাঠে হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলুর জমি রয়েছে কয়েক দাগ। তার একটি জমি থেকে মাটি কাটলেও সে এসে ঠিকাদারের কাছ থেকে ক্ষতিপূরণ নিয়ে অন্য জায়গা থেকে মাটি কেটে জমি সমান করেছে। সে প্রভাবশালী হওয়াই তার অন্য জমি থেকে মাঠি কাটেইনি। যেকারণে পার্শ্ববর্তীর জমির মালিকরা আরও বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে।

এই বিষয়ে হরিণাকুণ্ডু উপজেলা প্রকৌশলী রাকিবুল হাসান বলেন, সিডিউলে স্থানীয় সোর্স থেকে মাটি কাটার কথা বলা আছে তবে সেটা ঠিকাদরকে সমঝোতা করে নেওয়ার কথা বলা আছে। ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক মাইনুদ্দীন বাশীর সাথে যোগাযোগের চেষ্টা করা হলে তাকে পাওয়া যায়নি। বলা হয় সাব ঠিকাদার রেজাউলের সাথে যোগাযোগ করতে। রেজাউল ইসলামের কাছে কৃষকের আবাদি জমি থেকে মাটি কাটার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ইঞ্জিনিয়ারের সাথে কথা বলতে। ইঞ্জিনিয়ার সব জানেন। এই দিকে এই সড়কের পাশে জমি থাকা কয়েক গ্রামের মানুষ ও কৃষক এই ঘটনায় চরম নাখোশ হয়েছে। তারা আবাদি জমির ক্ষতিপূরণ দাবি করেছেন। তারা দাবি করেছেন সরজমিন তদন্ত করার।

হরিণাকুণ্ডু উপজেলা প্রকৌশলীর অফিস কাজের বিষয়ে জানান, ২৯ কিলোমিটার সড়কের ১.৮২ মিটার সোল্ডারিংয়ের জন্য অবশ্যই স্টিমেটে একটা বড় অংকের খরচ ধরা হয়েছে। কিন্তু কিন্তু ঠিকাদার যদি কৃষকের আবাদি জমি ক্ষতি করে সেটা দুঃখজনক। ঠিকাদারী প্রতিষ্ঠানের এক কর্মচারী নাম গোপন রাখার শর্তে বলেন, রাস্তার পাশ থেকেই মাটি কেটে নেওয়াই মাত্র ৪/৫ লাখ টাকার ভেকু ভাড়া দিয়েই সোল্ডারিংয়ের কাজ করা হয়েছে সাড়ে ৬ কিলোমিটার রাস্তায়।

এই বিষয়ে ঝিনাইদহ জেলা স্থানীয় সরকার প্রকৌশল অদিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মনোয়ার উদ্দিন বলেন, এই প্রকল্প নিয়ে বিভিন্ন অভিযোগ পাচ্ছি। যদি কোন কৃষকের ক্ষতি করে থাকে তাহলে কাজ বন্ধ করে দেবো। আবাদি জমি থেকে মাটি কাটার কোন সুযোগ নেই।

ক্ষতিগ্রস্ত কৃষকরা ঝিনাইদহের জেলা প্রশাসক ও কৃষি বিভাগের দৃষ্টি আকর্ষণ করে পাশে দাঁড়ানোর দাবি করেছেন। তারা বলেছেন প্রয়োজনে তাদের দাবি নিয়ে মানবন্ধন করবেন।

ঝিনাইদহে বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্টিত

ঝিনাইদহ সদর উপজেলার আড়মুখী জে.জে মাধ্যমিক বিদ্যালয়ে বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্টিত হয়েছে। আড়মুখী জে. জে মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান ছাত্রদের উদ্যোগে এবং ডাঃ শফিউল আলম সোহাগের সার্বিক সহযোগীতায় এ মেডিকেল ক্যাম্প অনুষ্টিত হয়।

এতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারদের সমন্বয়ে গাইনী, অর্থোপেডিক, নাক-কান-গলা সহ ৩০ জন বিশেষজ্ঞ ডাক্তার ১ হাজার ৫’শত রোগীকে বিনামূল্যে এই সেবা প্রদান করেন । বিনামূল্যে সেবা পেয়ে সবাই খুব খুশি ।

আড়মুখী গ্রামের গর্বিত সন্তান মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ শফিউল আলম সোহাগ বলন, চিকিৎসা সেবা থেকে বঞ্চিত এলাকার মানুষের কথা চিন্তা করে আমি প্রতি বছর বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল ক্যাম্প করে থাকি ।

সেসময় উপস্থিত ছিলেন গাজী টেলিভিশন ও দৈনিক সারাবাংলার জেলা প্রতিনিধি ওলিয়ার রহমান, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি শিমুল বিশ্বাস, প্রধান শিক্ষক মমিনুর রহমান সহ এলাকার সুধিজন ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভা

ঝিনাইদহে ‘সমৃদ্ধি’ প্রকল্পের কাজের অংশ হিসেবে সেবান প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে হোম বেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের সেবা প্রাপ্তি বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অক্সফ্যাম ইন বাংলাদেশ এর সহায়তায় ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর বাস্তবায়নে আজ মঙ্গলবার সকালে ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর প্রশিক্ষণ কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর পরিচালক শরিফা খাতুন। সঞ্চালনা করেন সমৃদ্ধি প্রকল্পের সমন্বকারী মো: ছাব্দার হোসেন। সেবাপ্রদাকারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে আলোচনায় অংশগ্রহন করেন ঝিনাইদহ বিসিক এর উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, ঝিনাইদহ সদর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, ঝিনাইদহ সদর থানার এস আই মোঃ নূর ইসলাম, ঝিনাইদহ উত্তরা ব্যাংক লি: এর ব্যবস্থাপক প্রশান্ত কুমার বর্মন, ঝিনাইদহ সদর যুব উন্নয়ন অধিদপ্তরের মোঃ আশরাফুজ্জামান, দৈনিক অবজারভারের ডিস্ট্রিক করোসপোনডেন্ট জাফর উদ্দীন রাজু। বক্তারা স্ব-স্ব অধিদপ্তরের সেবা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং তাদের দপ্তরের সেবা সমূহ আন্তরিকতার সাথে প্রদানের দূঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

ঝিনাইদহে সাংবাদিকের উপর হামলা, প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহে সাংবাদিক মাহমুদুল কবির নয়নের উপর হামলার প্রতিবাদে মানববন্ধন করা হয়েছে। মঙ্গলবার সকাল ১১টায় শহরের আরাপপুরে এ মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

সাংবাদিক স্বপন মাহমুদের সভাপতিত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন

জেলা রিপোটার্স ইউনিটির সভাপতি এমএ কবীর, শারমিন আরা,রাজিব মাহমুদ টিপু,নাসিরুল হক, শামস আরেফিন অনুসহ জেলায় কর্মরত সাংবাদিকেরা।

সেসময় বক্তারা বলেন, জেলাজুড়ে সাংবাদিকদের উপর দমন-পীড়নসহ নানা ধরনের হয়রানি করেই চলেছে দুবৃর্ত্তরা। প্রশাসন নাম মাত্র তাদের ধরলেও সীমিত পরিমাণ সাজা দিয়ে থাকেন। অনতিবিলম্বে সাংবাদিক নয়নের উপর হামলাকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমুলক শাস্তির ব্যবস্থা করতে হবে। তা না হলে আগামী দিনে আরো বৃহত্তর কর্মসূচী দেওয়া হবে।

উল্লেখ্য, গত শুক্রবার সন্ধ্যায় শহরের চাকলাপাড়া এলাকায় মাদক সংক্রান্ত সংবাদ সংগ্রহ করতে গিয়ে মাদক কারবারিদের হামলার শিকার হয় সাংবাদিক মাহমুদুল কবির নয়ন।

ঝিনাইদহে জমিলা খাতুন মাধ্যমিক বিদ্যালয়ে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

ঝিনাইদহ জামিলা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী,এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ শহরের জামিলা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের আয়োজনে কৃতি শিক্ষার্থীদের মাঝে সংবর্ধনা স্মারক প্রদান করা হয়।

অনুষ্ঠানে যশোর বোর্ডের অধিন-২০২৩ সেশনে জিপিএ-৫ প্রাপ্ত ১১ জন কৃতি শিক্ষার্থীকে স্মারক প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সভাপতি বিশ্বজিৎ সাহা মিথুন, প্রধান শিক্ষীকা আফরোজা সুলতানা, সহকারী প্রধান শিক্ষক সুমন কুমার, ইংরেজী শিক্ষক হাসান হাবিব রাজু সহ সকল শিক্ষকবৃন্দ ও

কৃতি শিক্ষার্থীরা। সভাপতি কে ফুল দিয়ে শুভেচ্ছা জানাই দশম শ্রেণীর ছাত্রী প্রমি কুণ্ডু।
অনুষ্ঠান শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে ভর্তুকি মুল্যে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন

ঝিনাইদহে ফেব্রুয়ারি মাসের ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রি শুরু করেছে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন ট্রেডিং করপোরেশন অব-বাংলাদেশ (টিসিবি)।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারি) সকালে শহরের শিশু একাডেমিতে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, জেলা খাদ্য নিয়ন্ত্রক মান্নান আলীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবারও জেলার ৬ উপজেলায় ১০৫ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১’শ ৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিন্ম আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৫’শ ২৫ টাকায় ২ কেজি মসুরের ডাল, ২ লিটার সয়াবিন তেল, ১ কেজি ছোলা ও ৫ কেজি চাউল মিলবে। তবে এবার রমজান উপলক্ষে ১ কেজি ছোলা অর্ন্তভুক্ত করা হয়েছে।

কোটচাঁদপুরে বিএনপির লিফলেট বিতরণ

ডামি নির্বাচনে ডামি সরকারের আমলে দ্রব্যমূল্য বৃদ্ধি ক্রমবর্ধমান খুন, ধর্ষণ, গ্যাস ও জ্বালানী সংকটের প্রতিবাদ এবং গণতন্ত্র ও মানবাধিকার, ভোটাধিকার পুনঃপ্রতিষ্ঠার পাশাপাশি মাতৃভূমির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার আহবান জানিয়ে ঝিনাইদহের কোটচাদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে ‘দেশ বাঁচাও মানুষ বাঁচাও’ স্লোগান সম্বলিত লিফলেট বিতরণ করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে পৌর শহরের বিভিন্ন এলাকায় এ লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সাধারন সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহীদুল ভুইয়া, পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক হুমায়ুন কবির মিলন, পৌর বিএনপির প্রচার সম্পাদক কাজী মোস্তাক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা কৃষকদলের আহ্বায়ক রফিকুল ইসলাম ও সদস্য সচিব আবুল কাশেম বাবু, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবিদ ফিরোজ উদ্দিন মানিক ও সদস্য সচিব মিজান সরকার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, উপজেলা মৎসজীবি দলের সদস্য সচিব আজিম হোসেন, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি, উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক শরিফুল ইসলাম শান্ত,রিয়ন আহমেদ, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মনির হোসেন টুটুল, রিয়াজ হোসেন বেনজামিন, নাহিদ হোসেন টিপু, দোড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক ও সাবেক ইউপি সদস্য মুহিদুল ইসলাম, যুবদল নেতা ইমরান, সোহান, ফয়সল, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক জাহিদুল ইসলাম সোহেল, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাইহাফ আল জাবির, কৃষকদল নেতা কামরুল, সাগর, আলফা প্রমুখ।

এ সময় উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরাও উপস্থিত ছিলেন।